

বাণী

বিশ্ব নাট্যদিবস ২০১২

বিশ্ব নাট্যদিবসের পঞ্চাশৎ বার্ষিকীতে অভিনন্দন-বাণী প্রদানের জন্য মনোনীত করে আন্তর্জাতিক থিয়েটার ইন্সটিটিউট (আইটিআই) আমাকে সম্মানিত করেছে। সাথী নাট্যকর্মী, বন্ধু ও সুহৃদজনের উদ্দেশ্যে আমার সংক্ষিপ্ত বক্তব্য এখানে নিবেদন করছি।

কামনা করি আপনাদের কর্ম যেন হয়ে ওঠে প্রভাবসঞ্চারী ও মৌলিক। যেন হয়ে ওঠে সুগভীর, মর্মস্পর্শী, ধ্যানমগ্ন ও অভিনব। মানুষ হয়ে-ওঠার তাৎপর্য কি, এই প্রশ্ন নিয়ে আলোড়িত হতে যেন তা সহায়ক হয় এবং সেই ভাবনা যেন স্নাত হয় হৃদয়তা, আন্তরিকতা, অকপটতা ও মাধুর্য দ্বারা। আপনি যেন ছাপিয়ে উঠতে পারেন সব ধরনের বিরূপতা, নিয়ন্ত্রণ, অভাব ও বিশ্বাসহীনতা, নিশ্চিতভাবে অনেকেই বাধ্য হবেন এমত সব প্রতিকূলতা মোকাবিলা করতে। প্রতিভা ও শ্রমপরায়ণতার আশীর্বাদধন্য হয়ে আপনারা যেন বিবিধ জটিলতা নিয়ে স্পন্দমান মানবহৃদয় সম্পর্কে আমাদের দীক্ষিত করতে পারেন এবং এই কর্মকে নিজ জীবনসাধনা করে তোলার মতো বিনয় ও অনুসন্ধিৎসা অর্জন করেন। আপনাদের মধ্যে যারা উত্তম তারা যেন— কেননা এটা কেবল পারবেন আপনাদের মধ্যকার শ্রেষ্ঠজনেরা এবং সে ক্ষেত্রেও তাদের মধ্যকার অল্প ক'জন। এবং তারাও কেবল দুর্লভ ও সংক্ষিপ্ততম কোনো মুহূর্তকালের জন্য— সফলতার সাথে মেলে ধরতে পারেন সবচেয়ে মৌলিক জিজ্ঞাসা, “আমরা কেমন করে বাঁচি?”

শুভ হোক সকলের যাত্রা।

জন মালকোভিচ

মফিদুল হক অনুদিত